



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।
www.rajuk.gov.bd

52 NO-10631
RECEIVED
Date: 16/02/2023
Time: 12:30 Pm
Signature: mousofi
REHAB

স্মারক নং- ২৫.৩৯.০০০০.০৩০.৯৯.০১১.২১ - ২২৬

তারিখ- ০২.০২.২০২৩

বিষয়ঃ ঢাকা শহরের বায়ু দূষণ রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ ২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২২.১৯ তারিখঃ ৩০-০১-২০২৩ ইং

উপরোক্ত বিষয় এবং সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বায়ুদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি ১১ অনুযায়ী যে কোন ইমারত নির্মাণ/ সংস্কার/ মেরামতকালীন সময়ে আবশ্যিকভাবে নিম্নবর্ণিত নির্মাণ সংক্রান্ত কার্যক্রম নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) নির্মাণ স্থলে যথাযথ অস্থায়ী ছাউনি বা বেটন স্থাপনসহ নির্মাণাধীন ভবন আচ্ছাদিত রাখা;

(খ) সকল প্রকার নির্মাণ সামগ্রী (মাটি, বালি, রড, সিমেন্ট ইত্যাদি) আবৃত বা ঢাকিয়া রাখা;

(গ) নির্মাণ সামগ্রী (মাটি, বালি, রড, সিমেন্ট, ইট, ময়লা আবর্জনা ইত্যাদি) পরিবহণে ব্যবহৃত ট্রাক, ভ্যান বা লরি আবৃত বা সম্পূর্ণরূপে ঢাকিয়া পরিবহনে ব্যবস্থা করা;

(ঘ) মাটি, বালি, রড, সিমেন্ট, ইট, ময়লা আবর্জনা ইত্যাদি পরিবহণ ও নির্মাণকাজে ব্যবহৃত ট্রাক, ভ্যান বা লরির চাকার কাঁদা-মাটি বা ময়লা আবর্জনা সম্পূর্ণরূপে পরিষ্কার করিয়া রাস্তায় চলাচলের ব্যবস্থা করা

(ঙ) নির্মাণ সামগ্রী (মাটি, বালি, সিমেন্ট ইত্যাদি) রাস্তায়, ফুটপাথে বা যত্রতত্র ফেলিয়া রাখা যাইবে না এবং নির্মাণকাজে সৃষ্ট বর্জ্য খোলা অবস্থায় সংরক্ষণ বা পোড়ানো যাইবে না।

(চ) নির্মাণ, পুনঃনির্মাণ বা মেরামত স্থলের আশেপাশে দিনে অন্তত দুইবার পানি বা ধূলাবালি নিয়ন্ত্রণকারী কেমিক্যাল ছিটানো।

এছাড়া, বেসরকারি আবাসন প্রকল্পের অভ্যন্তরে পর্যাপ্ত Solid waste disposal point স্থাপন করতে হবে এবং গৃহকার্যের সকল ময়লাদি উক্ত disposal point-এ ফেলতে হবে এবং প্রকল্পের অভ্যন্তরে সকল রাস্তাসমূহে নিয়মিত পানি ছিটানো নিশ্চিত করতে হবে।

১। সভাপতি, রিহাব

ন্যাশনাল প্লাজা, ৬ষ্ঠ ও ৭ম তলা

১/জি, ফ্রি স্কুল স্ট্রীট, সোনারগাঁও রোড

ঢাকা-১২০৫।

২। সভাপতি

বাংলাদেশ ল্যান্ড ডেভেলপার্স এসোসিয়েশন (বিএলডিএ)

প্লট-৩৩৫, ব্লক-ডি, আলহাজ আব্দুস সোবহান রোড

বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা - ১২২৯।

৩। ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন হাউজিং লিঃ

সাং-৫৯/বি, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।

৪। ব্যবস্থাপনা পরিচালক, ইস্ট ওয়েস্ট প্রপার্টি ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ

প্লট নং ১২৫/এ, ব্লক নং-এ, রোড নং-০২,

বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা ১২২৯

(মোঃ আশরাফুল ইসলাম)

নগর পরিষ্কারবিদ-১ (চঃদাঃ)

নগর পরিষ্কার ও বাস্তবায়ন শাখা

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

n